আলমডাঙ্গা পৌরসভায় নির্বাচনী গ্রাম কমিটি গঠনের লক্ষ্যে আলোচনা সভা

আলমডাঙ্গা পৌরসভার দুই নম্বর ওয়ার্ডের গ্রাম কমিটির লক্ষ্যে নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকাল ৩টায় ২নম্বর ওয়ার্ডে গ্রাম কমিটি গঠনের লক্ষে নির্বাচনী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কর্মপরিষদ সদস্য ও জেলা যুব জামায়াতের সভাপতি জনাব শেখ নুর মোহাম্মদ হুসাইন টিপু। তিনি বলেন, দূর্নীতিমুক্ত সমাজ ও দেশ বিনির্মানে একমাত্র জামায়েত ইসলামের ন্যায় ও সততার দ্বারা সম্ভব।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা শাখার সংগ্রামী আমির ও উপজেলা ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী জননেতা শফিউল আলম বকুল। তিনি বলেন, আল্লাহর ইবাদত মনে করে জামায়াতে ইসলামের মনোনীত প্রার্থীদের জন্য ভোটের মাঠে মেধা শ্রম আর সততা আদর্শ নিয়ে কাজ করে যাবেন। এছাড়াও উপস্থিত ছিলেন, ইউনিয়ন আমির মাওলানা আবু বকর সিদ্দিক বাবলু, পৌর শ্রমিক কল্যান ফেডারেশন সভাপতি জনাব সাহিন শাহিদ,উপজেলা মানবাধিকার সম্পাদক জনাব শফিউজ্জামান মিঠু, ইউনিয়ন সেক্রেটারি জনাব আলতাফ হোসেন, সহকারী সেক্রেটারি জনাব আনারুল ইসলাম। সভাপতিত্ব করেন ওয়ার্ড সভাপতি আব্দুল হালিম। ওয়ার্ড সহ সভাপতি লাহাউদ্দীনে সঞ্চালনায় প্রায় ৫ শতাধিক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা বিএনপির সদস্য সচিব এডভোকেট কামরুল হাসানের

গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নে বিএনপির ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেলে জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

এ সময় তিনি শিবপুর ও হিতিমপাড়া গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগ কর্মসূচিতে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশ নেন। তাদের মধ্যে ছিলেন— জেলা বিএনপির সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, মীর ফারুক, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি লতিব বিশ্বাস, সাধারণ সম্পাদক এডভোকেট এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সহ সভাপতি আনিসুর রহমান লাভলু, মোশারফ হোসেন তপু, সদস্য মেহেদী হাসান রোলেক্স, কুতুবপুর ইউনিয়নের ৫ নং ওয়ার্ড বিএনপির সভাপতি তোফাজ্জল হোসেন, সাধারণ সম্পাদক আরাফাত আলী, সাংগঠনিক সম্পাদক শিমুল বিশ্বাস, ওয়ার্ড বিএনপি নেতা রাজিব, রেমিম, নাহিদসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুর জেলা বিএনপি’র সম্মেলন ৩০ আগস্ট

আগামী ৩০ আগস্ট ২০২৫, শনিবার মেহেরপুর জেলা বিএনপি’র সম্মেলন ও কাউন্সিল অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ শুক্রবার সম্মেলন ও কাউন্সিল পরিচালনার জন্য নির্বাচন কমিশন গঠন করা হয়েছে।

ঘোষিত নির্বাচন কমিশন হলো প্রধান নির্বাচন কমিশনার জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক অ্যাডভোকেট নজরুল ইসলাম, সহকারী নির্বাচন কমিশনার সহকারী অধ্যাপক জুলফিকার আলী, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আনারুল ইসলাম, জেলা আইনজীবী সমিতির সাবেক সহ-সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মিজানুর রহমান

এ তথ্য গতকাল শুক্রবার প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়েছেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি’র সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী।

দর্শনায় জামায়াতের দায়িত্বশীল সমাবেশ

চুয়াডাঙ্গার দর্শনা পৌর কমিউনিটি কাম অডিটোরিয়ামে জামায়াতের দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার সকাল ৯টায় বাংলাদেশ জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গা-২ আসনের নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব মাওলানা মহিউদ্দিনের সভাপতিত্বে ও জেলা সহকারী সেক্রেটারী আব্দুল কাদেরের সঞ্চালনায় অনুষ্ঠিত দায়িত্বশীল সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও জেলা আমীর রুহুল আমিন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, জামায়াত বাংলাদেশকে একটি বৈষম্যহীন সমাজ উপহার দিতে চায়। দেশের মানুষ চাঁদাবাজ দেখতে চায় না। চাঁদার জন্য উলঙ্গ করে পাথর নিক্ষেপ করে মানুষ হত্যা, মানুষ দেখতে চায় না। ব্যবসাদারা নির্বিঘ্নে ব্যবসা করতে চায়। বাংলাদেশের জনগণ মাদক মুক্ত সমাজ দেখতে চায়। ঘুষহীন চাকরি পেতে চায়। ক্ষুধার্তদের মুখে আহার তুলে দিতে চায়।

বেকারমুক্ত জীবনযাপন করতে চায়। রাতে আরামে ঘুমাতে চায়। দেশের জনগণ নিরাপদে জীবনযাপন করতে চায়। ডাকাতদের হাত থেকে তাদের কষ্টার্জিত সম্পদের নিরাপত্তা চায়। বিগত ফ্যাসিষ্ট সরকার এ দেশ থেকে ২৫ লক্ষ কোটি টাকা চুরি করে বিদেশে পাচার করে নিয়ে গেছে,

সেগুলো ফেরত এনে দেশের উন্নয়নে কাজে লাগতে চায়। বিচারের নামে প্রহসন দেখতে চায় না। ন্যায়বিচার সুরক্ষিত করতে চায়। জুলাই বিপ্লবের পর আর লাশ দেখতে চায় না। লেখাপড়ার পরিবেশ বজায় রাখতে সাধারণ ছাত্রদের নিয়ে ছাত্রশিবির ভূমিকা পালন করুক দেশের মানুষের প্রত্যাশা।

জামায়াত ক্ষমতায় গেলে দেশের স্বাস্থ্যসেবা খাতে বৈপ্লবিক পরিবর্তন আনবে। চিকিৎসা মানুষের মৌলিক অধিকার,তাই স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে জামায়াত কঠোর পরিশ্রম করছে। সমাবেশে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা-২ আসনের নির্বাচনী পরিচালক ও জেলা নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান, সেক্রেটারী এ্যাডভোকেট আসাদুজ্জামান, সহকারী সেক্রেটারী ও চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য প্রার্থী এ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

এছাড়াও বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা আমীর নায়েব আলী, দর্শনা সাংগঠনিক থানার আমীর মাওলানা রেজাউল করিম ও জীবননগর উপজেলা আমীর মাওলানা সাজেদুর রহমান, ইসলামী ছাত্রশিবিরের জেলা সভাপতি সাগর আহমেদ।

সমাবেশে উপস্থিত ছিলেন, জেলা প্রশিক্ষণ সম্পাদক জিয়াউল হক, জীবননগর উপজেলা জামায়াতের নায়েবে আমীর হাফেজ বিল্লাল হুসাইন ও সাখাওয়াত হোসেন, উপজেলা জামায়াতের সেক্রেটারী মাহফুজুর রহমান, দর্শনা সাংগঠনিক থানার সেক্রেটারী মাহবুবুর রহমান, দামুড়হুদা উপজেলা সেক্রেটারী আবেদ- উদ-দৌলা টিটন, দর্শনা পৌর আমীর সাহিকুল আলম অপু ও সেক্রেটারী দবির উদ্দিন।

মেহেরপুরে নির্বাচনী হাওয়া: বিএনপিতে চ্যালেঞ্জ, জামায়াত নির্ভার

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুরের দুটি আসনে নির্বাচনের প্রচার-প্রচারণা শুরু হয়েছে। গণসংযোগ,

প্রচার-প্রচারণা, মিছিল, সমাবেশসহ বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে নিজেদের প্রার্থী হওয়ার ইচ্ছা প্রকাশ করছেন মনোনয়ন প্রত্যাশীরা।

মেহেরপুরের দুটি আসনে বিএনপির দুই হালি প্রার্থী মনোনয়ন প্রত্যাশা করে ভোটারদের সামনে তুলে ধরছেন। দুটি আসনেই বিএনপির একাধিক প্রার্থী থাকায় দলটি মনোনয়ন কাকে দেয় এ নিয়ে রাজনৈতিক নেতাকমীর্ ও সাধারণ ভোটারদের মধ্যে চলছে নানা হিসেবে নিকেষ।

অন্যদিকে জামায়াতে ইসলামি দুটি আসনে প্রার্থী ঘোষনা করেছে অনেক আগেই। ফলে নির্ভার হয়ে জামায়াতের প্রার্থীরা তাদের ভোট প্রচারণা ও গণসংযোগে ব্যস্ত রয়েছেন। মেহেরপুরের-১ আসনে এনসিপি কোন প্রার্থী ঘোষণা না দিলেও প্রাথমিকভাবে মেহেরপুর-২ আসনে প্রাথমিকভাবে প্রার্থী হিসেবে ঘোষনা করেছেন। তিনিও এলাকার বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে নিজের উপস্থিতি জানান দিচ্ছেন। ইসলামী অন্যান্য দলগুলোর তেমন তৎপরতা এখনো লক্ষ করা যায়নি। তবে ইসলামি শাষনতন্ত্র আন্দোলনের প্রার্থী ঘোষণা করা হয়েছে দুটি আসনেই। মেহেরপুরের দুটি আসনে মূলত বিএনপি ও আওয়ামী লীগ থেকেই এমপি নির্বাচিত হয়ে এসেছেন। তবে জামায়াত চেষ্টা করছে বিজয়ী হতে।

মেহেরপুর-১: মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা নিয়ে মেহেরপুর ১ আসন। জাতীয় সংসদের ৭৩ নম্বর আসন। এ আসনে হালনাগাদ ভোটার ৩ লাখ ১৩ হাজার ১৩৪ জন। বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও জেলা বিএনপির সদস্য জাকির হোসেন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, জেলা বিএনপির সদস্য আলমগীর খান সাতু রয়েছেন মনোনয়ন চাওয়ার তালিকায়। প্রত্যেক প্রার্থী নিজেদের মত করে গণসংযোগ, প্রচার-প্রচারণা, তারেক রহমানের ৩১ দফার লিফলেট বিতরণের মাধ্যমে নিজেদের প্রার্থীতার বিষয়টি জানান দিচ্ছেন।

জামায়াতে ইসলামীর মেহেরপুর জেলা আমির তাজ উদ্দিন আহমেদকে প্রার্থী হিসেবে ঘোষনা করা হয়েছে অনেক আগে। তিনিও নিয়মিতভাবে গণসংযোগ, দলীয় অনুষ্ঠানে অংশগ্রহণ, ভোটারদের মন জয় করতে বিভিন্ন উপহার সামগ্রীও প্রদান করে চলেছেন। ইসলামি শাষনতন্ত্র আন্দোলনের মেহেরপুর জেলা সভাপতি খাদেমুল ইসলামকে দলীয় প্রার্থী

হিসেবে ঘোষনা করেছে দলটি। তবে প্রকাশ্যে তাদের কোন কর্মকান্ড না দেখা গেলেও তারা দাবী করেছেন তারা তাদের দলীয় নিয়ম মোতাবেক ভোটের প্রচারণা চালিয়ে যাচ্ছেন। এছাড়া জাতীয় নাগরিক কমিটির (এনসিপি) কোন কর্মকাণ্ড দেখা যাচ্ছে না।

বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন বলেন, জনমতের আকাঙ্খা বিবেচনা করে দল আমাকে মনোনয়ন দেবে বলে আমার বিশ^◌াস। দীর্ঘদিনের লড়াই সংগ্রামে অনেক হামলা—মামলা মোকাবেলা করে রাজনীতি করে যাচ্ছি। তারপরও দলের সিদ্ধান্তই চুড়ান্ত। দল যাকে মনোনয়ন দেবে আমরা তার হয়েই কাজ করবো।

জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান বলেন, বিএনপি বড় দল। এখানে মনোনয়ন প্রতিযোগীতা থাকবেই। দলের অনেকই মনোনয়ন চাইবে। দল যাকে মনোনয়ন দিবে সকলেই ঐক্যবদ্ধভাবে তার হয়েই নির্বাচনের মাঠে কাজ করবে।

মেহেরপুর জেলা জামায়াতের আমির তাজ উদ্দিন আহমেদ বলেন, দীর্ঘদিন ধরেই নিবার্চনী প্রচার—প্রচারণা চালাচ্ছি। ভোটারদের সাথে কথা বলছি। তাদের সাথে কথা বলে মনে হচ্ছে তারাও পরিবর্তন চাচ্ছেন। এ কারণে এবারের নির্বাচন নিয়ে আমরাও আশাবাদি।

দামুড়হুদায় জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

দামুড়হুদায় বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী ব্যাপক উৎসাহ, উদ্দীপনা ও জমকালো আয়োজনের মধ্যে দিয়ে পালিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টার দিকে দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আয়োজনে নেতৃবৃন্দ প্রথমে দশমী কবরস্থান দামুড়হুদায় গাছের চারা রোপণ করেন।

পরবর্তীতে উপজেলা বিএনপি’র অস্থায়ী কার্যালয় থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যলিটি উপজেলা শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কার্যালয়ে এসে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক একরামুল হকের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, জেলা সেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক এম এ তালহা, যুগ্ম- সম্পাদক আরিফুর রহমান রিবন, উপজেলা বিএনপি’র যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেম।

উপজেলা সেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেনের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন, উপজেলা সেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম-আহ্বায়ক আব্দুল কাদের, যুগ্ম – আহবায়ক রকিবুল হাসান তোতা, যুগ্ম আহ্বায়ক আহ্বায়ক আবুল কালাম আজাদ, যুগ্ম-আহ্বায়ক জাহিদুল ইসলাম, যুগ্ম-আহ্বায়ক মাহবুব আলম, যুগ্ম- আহ্বায়ক জাহিদুর রহমান, উপজেলার বিভিন্ন ইউনিয়নের সেচ্ছাসেবকদলের সভাপতি/সাধারণ সম্পাদকসহ নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জেলা বিএনপি’র গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে বিএনপি’র ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

এ সময় তিনি কোলা ও দফরপুর গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন।

কর্মসূচিতে দেওয়া বক্তব্যে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “আমরা ফ্যাসিস্টদের এদেশ থেকে বিতাড়িত করেছি, তারা এখানে নিষিদ্ধ

হয়েছে। ভবিষ্যতে যেন তারা আর দেশে প্রবেশ করতে না পারে, সেজন্য সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। অথচ দেখা যাচ্ছে, কলকাতা ও দিল্লিতে তারা পার্টি অফিস খুলেছে, যা আমাদের সার্বভৌমত্বের জন্য হুমকি। তাই সরকারের প্রতি আহ্বান জানাই— কূটনৈতিকভাবে পদক্ষেপ নিয়ে ওই অফিসগুলো নিষিদ্ধ করতে হবে।

ভারতকে আমরা এতদিন বন্ধু রাষ্ট্র মনে করতাম, কিন্তু বাস্তবে তারা কখনোই আমাদের বন্ধু ছিল না; তারা ছিল কেবল আওয়ামী লীগের বন্ধু। যারা এদেশ ছেড়ে ভারতে পালিয়েছে, তাদের দ্রুত দেশে ফিরিয়ে এনে বিচারের আওতায় আনতে হবে। আমরা চাই এদেশে একটি সঠিক গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন হোক, কোনো পিআর পদ্ধতিতে নির্বাচন আমরা চাই না।”

গণসংযোগ কর্মসূচিতে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশ নেন। তাদের মধ্যে ছিলেন- জেলা বিএনপি’র সদস্য আনসার উল হক, আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, মীর ফারুক, সদর উপজেলা বিএনপি’র সভাপতি ফয়েজ মোহাম্মদ, আমদহ ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক সাব্বির আহমেদ, পৌর বিএনপি’র সভাপতি লতিব বিশ্বাস, সাধারণ সম্পাদক এডভোকেট এহান উদ্দিন মনা, সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলম, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপন, নাহিদসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

দর্শনায় জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের পৃথকভাবে ৪৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

দর্শনায় পৃথকভাবে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। গতকাল বুধবার বিকাল সাড়ে ৫ টার দিকে দর্শনা জাতীয়তাবাদী, দর্শনা থানা ও দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের আয়োজনে এক বর্ণাঢ্য র্যালি বের হয়।

দর্শনা থানা স্বেচ্ছাসেবক দল র্যালিটি দর্শনা বাসষ্ট্যান্ড চৌরাস্তার মোড় থেকে দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষিণ শেষে দর্শনা রেল বাজার মুক্ত মঞ্চে এসে শেষ হয়। এরপর স্বাগত বক্তব্য রাখেন, দর্শনা থানা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক নূরে আলম সিদ্দিকি মজনু শাহ, জেলা যুগ্ম সম্পাদক মঞ্জুরল জাহিদ, সদস্য সচিব আবুহেনা রনি

যুগ্ন আহবায়ক রুহুল আমিন, মির অনিক, আবুল কাশেম, জামাত আলী, আশাবুল হক আনারসহ ছয় ইউনিয়ন স্বেচ্ছাদেবক দলের নেত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। এর আগে ৬ টি ইউনিয়নে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্টিত হয়। অপরদিকে বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের উদ্যোগে এক বর্ণাঢ্য র্যালি ও বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়।

কর্মসূচিটি ছিল প্রাণবন্ত, উৎসাহ-উদ্দীপনামুখর এবং বিপুল সংখ্যক নেতাকর্মীর অংশগ্রহণে সমৃদ্ধ। অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আব্দুল মান্নান মাস্টারের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সংগ্রামী সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক জনাব মুনজুরুল জাহিদ। প্রধান বক্তা ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির অন্যতম সমন্বয়কারী, ত্যাগী জননেতা জনাব নাহারুল ইসলাম মাষ্টার। এছাড়াও উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয়ক শরীফ উদ্দিন ও রেজাউল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়কবৃন্দ— এনামুল হক বাবু, মমিন হোসেন, মহিম কুমার রতন, আবু সাঈদ রতন। অন্যদের মধ্যে ছিলেন, পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্যবৃন্দ— আব্দুল আজিজ, হাবিবুর রহমান, মুহিন, মাসুদ, ওয়াসিম, ওমর ফারুক প্রমুখ। এছাড়া অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সাংগঠনিক সম্পাদক তৌফাতুর রিংকু, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সহ-সাধারণ সম্পাদক জাকির হোসেন, দর্শনা থানা যুবদলের সদস্য রাশেদ আহমেদ সজীব।

অনুষ্ঠানের শুরুতে নেতৃবৃন্দ বৃক্ষরোপণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন। পরে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়, যা দর্শনার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। র্যালি শেষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ

ও স্বেচ্ছাসেবক দলের প্রতিষ্ঠার তাৎপর্যের কথা স্মরণ করেন। এসময় বক্তারা বলেন, জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল দেশের গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে সবসময় অগ্রণী ভূমিকা পালন করে আসছে। প্রতিষ্ঠাবার্ষিকীকে সামনে রেখে প্রত্যেক কর্মীকে দেশের প্রতিটি দুর্যোগে মানুষের পাশে দাঁড়াতে হবে এবং চলমান গণতান্ত্রিক আন্দোলনকে আরও বেগবান করতে হবে।

অনুষ্ঠান শেষে দোয়া ও মোনাজাতের মাধ্যমে জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করা হয়। একই সঙ্গে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দীর্ঘায়ু কামনা করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, দর্শনা পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব রাশিদুল ইসলাম।

মেহেরপুরে বিএনপি’র নব-নির্বাচিত সাধারণ সম্পাদককে সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ৭নং ওয়ার্ড বিএনপি’র আয়োজনে সদর উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সাধারণ সম্পাদক সাহিদুল ইসলামকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

গতকাল বুধবার রাত ৮টার দিকে শ্যামপুর ইউনিয়নের ৭নং ওয়ার্ডের বেলতলাপাড়ায় এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র ৭নং ওয়ার্ড সভাপতি আব্দুস সামাদ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা বিএনপি’র নবনির্বাচিত সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা বিএনপি’র নবনির্বাচিত সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেন, হামিদ খান গাজু, শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি তোফাজ্জল হোসেন ও সিনিয়র সহ-সভাপতি আবুল খয়ের।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইলিয়াস হোসেন। এ সময় আরো উপস্থিত ছিলেন, জেলা যুবদলের সহ-সভাপতি মোশারেফ হোসেন তপু, সদস্য মেহেদী হাসান রোলেক্স, কুতুবপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি সাইদুল হাসান খান কেনেডি, পৌর যুবদল নেতা রিপন, মিঠনসহ বিএনপি ও সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী।

অনুষ্ঠানে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় বিশেষ দোয়া করা হয়।

মেহেরপুরে বিএনপি’র ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ

মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ডে বিএনপির ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “আপনারা অবগত আছেন, আগামী ফেব্রুয়ারি মাসে গণতান্ত্রিক প্রক্রিয়ায় ব্যালটের মাধ্যমে নির্বাচনের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।” তিনি আরও বলেন, “আগামী ফেব্রুয়ারিতে যে নির্বাচন আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন।”

এ সময় তিনি পৌরসভার ৫নং ওয়ার্ডের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন। এসময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপি’র সভাপতি ও জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, জেলা

বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, মীর ফারুক, সাবেক পিপি আবু সালেহ নাসিম প্রমুখ।

এছাড়াও এসময় সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি লতিব বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা ও পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলম, নাহিদসহ জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।